

# সোনালী ব্যাংক লিমিটেড

জেনারেল ম্যানেজারের কার্যালয়

আছাবাদ, চট্টগ্রাম।


তারিখ : ১১ এপ্রিল, ২০১৭ খ্রিঃ

## দরপত্র বিজ্ঞপ্তি

ব্যাংকের নির্ধারিত রুট সমূহে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আনা ও বিকালে সংশ্লিষ্ট ষ্টপেজে পৌছানোর জন্য ন্যূনতম ৩৫ (পঁয়ত্রিশ) আসন বিশিষ্ট বাস মাসিক ভাড়া সরবরাহের জন্য প্রকৃত বাস মালিক/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা হচ্ছে।

### দরপত্র দাখিলের শর্তাবলী :

- ১) আগামী ২৪-০৪-২০১৭ খ্রিঃ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজারের কার্যালয়, আছাবাদ, চট্টগ্রাম এ রক্ষিত বাসে দরপত্র গৃহীত হইবে এবং ঐ দিন বেলা ৪.০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্ক খোলা হইবে। উক্ত সময়ের পর আর কোন দরপত্র গ্রহণ করা হইবে না। যদি কোন কারণে ঐদিন অফিস বন্ধ থাকে বা স্বাভাবিক ভাবে অফিসের কাজকর্ম না চলে তবে পরবর্তী কার্য দিবস ও নির্দিষ্ট সময়ে দরপত্র গৃহীত হইবে এবং দরপত্র বাস্ক খোলা হইবে।
- ২) অফিস চলাকালীন সময়ে সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজারের কার্যালয়, আছাবাদ, চট্টগ্রাম থেকে নির্ধারিত প্রতিটি রুটের জন্য নগদ ৫০০.০০ (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) প্রদান পূর্বক ২৩-০৪-২০১৭ খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত তফসীল ক্রয় করা যাইবে। দরপত্র দাখিলের দিন কোন তফসিল বিক্রয় করা হইবে না। দরপত্র সংক্রান্ত বিস্তারিত অফিস চলাকালীন সময়ে অত্র কার্যালয় থেকে জানা যাবে।
- ৩) দরপত্রের সাথে প্রতিটি রুটের জন্য টাকা = ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) সোনালী ব্যাংক লিমিটেড, জেনারেল ম্যানেজার'স অফিস, আছাবাদ, চট্টগ্রামের অনুকূলে (ফেরত যোগ্য) আর্নেস্ট মানি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দাখিল করতে হবে। ব্যাংক কর্তৃক গৃহীত দরপত্রদাতার আর্নেস্ট মানি পরবর্তীতে জামানত হিসাবে রূপান্তর করা হবে।
- ৪) দরপত্রের সাথে বাসের সমস্ত কাগজপত্র যেমন-ব্লু বুক, হালনাগাদ (২০১৬-২০১৭) ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, বীমাপত্র, ফিটনেস সার্টিফিকেট, রুট পারমিট এবং ব্যাংক সলভেন্সী সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দরপত্রদাতাকে ব্লু-বুকে বর্ণিত বাসের মালিক হতে হবে অথবা দরপত্র দাতার সাথে বাস মালিকের চুক্তিপত্র থাকতে হবে।
- ৫) কার্যাদেশ প্রদানের পূর্বে প্রস্তাবিত বাস ব্যাংকের নিকট গ্রহণযোগ্য কিনা তা সরেজমিনে পরিদর্শনের জন্য জেনারেল ম্যানেজার এর কার্যালয়ের সম্মুখে যথা সময়ে প্রদর্শন করতে হবে।
- ৬) কৃতকার্য দরপত্রদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে ব্যাংকের নির্ধারিত শর্তে চুক্তিনামা ও আনুষঙ্গিক কার্যাবলী সম্পাদন করতে হবে। উল্লেখ্য যে, ষ্টপেজ সমূহের বিবরণ কার্যাদেশের সাথে দেয়া হবে।
- ৭) কৃতকার্য দরপত্রদাতা বাস সরবরাহের পর থেকে কোন কারণে যদি কোন দিন কোন রুটে বাস সরবরাহে ব্যর্থ হন তবে প্রতি রুটের জন্য প্রতিদিন ৭০০/- টাকা হারে প্রতি মাসের বিল হতে জরিমানা হিসেবে কেটে নেয়া হবে।
- ৮) সাপ্তাহিক ছুটি ও সরকারী ছুটির দিনের ভাড়া আনুপাতিক হারে মাসিক মোট ভাড়া থেকে আদায় করা হবে অর্থাৎ প্রকৃত বাস চলাচলের ভিত্তিতে ভাড়া প্রদান করা হবে।
- ৯) ব্যাংক কর্তৃপক্ষ কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(এম, এ, কাইয়ুম)  
জেনারেল ম্যানেজার